


পশ্চিমবঙ্গ সরকার
জেলা শাসকের কার্যালয় পুরুলিয়া
(সমাজ কল্যাণ দপ্তর)

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা পুরুলিয়া জেলার প্রতিবন্ধীদের জানানো যাইতেছে যে, আগামী ২৪/০২/২০১১/২৫।০২।২০১১ তারিখে বেলা ১১ টার সময় প্রতিবন্ধীদের অভিযোগের ভিত্তিতে রাজ্য মহাধ্যক্ষ এবং অতিরিক্ত মহাধ্যক্ষ তথা পুরুলিয়া জেলা শাসকের উপস্থিতিতে একটি একদিনের জন্য বিচারালয় বসিবে। হরিপদ সাহিত্য মন্দির, পুরুলিয়া সভাকক্ষে উক্ত বিচারালয় বসিবে। প্রতিবন্ধী ব্যক্তিদের যদি কোন অভিযোগ থাকে তাহা লিখিত আকারে প্রমান সহ জেলা সমাজকল্যাণ দপ্তরে আগামী ১৫।০২।২০১১ তারিখের মধ্যে জমা দিতে হইবে এবং ২৪।০২।২০১১/২৫।০২।২০১১ তারিখে শুনানির জন্য উপস্থিত থাকিতে হইবে। একই প্রকার অভিযোগ একত্র করিয়া শুনানি করা হইবে এবং যেকোন অভিযোগ শুনানির জন্য গ্রহন অথবা বর্জন করিবার অধিকার কর্তৃপক্ষের সংরক্ষিত।



অতিরিক্ত মহাধ্যক্ষ
তথা
জেলা শাসক, পুরুলিয়া

স্মারক সংখ্যা - ১২(৩৩)/এম.ও.সি. (পু)

তারিখ-০৭/০২/২০১১

অবগতি এবং প্রচারের জন্য প্রতিলিপি প্রেরণ করা হইল:-

- ১। মহকুমা শাসক সদর (পূর্ব), পুরুলিয়া।
- ২। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, পুরুলিয়া, আপনাকে অনুরোধ জানানো যাইতেছে যে পুরুলিয়া হইতে অধিক সংখ্যক প্রকাশিত দুইটি বাংলা সংবাদ পত্রে অবিলম্বে বিজ্ঞাপনটি প্রকাশ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা লইবেন। পুরুলিয়া, সদর পূর্ব মহকুমাস্থিত ব্লকে স্থানীয় কেবল এ সম্প্রচার করার জন্য অনুরোধ জানাই। উক্ত দিনে যাহাতে বহুল প্রচারিত সংবাদপত্রের সাংবাদিকরা উপস্থিত থাকেন তাহার প্রয়োজনীয় ব্যবস্থা লইবেন।
- ৩। জেলা প্রকল্প আধিকারিক (আই সি ডি এস), পুরুলিয়া।
- ৪। সমষ্টি উন্নয়ন আধিকারিক
- ৫। সভাপতি,..... পঞ্চায়েত সমিতি।
- ৬। এন. আই. সি., পুরুলিয়া জেলার সরকারী ওয়েবসাইটে উক্ত বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
- ৭। অফিস নোটিশ বোর্ড।


পক্ষে জেলা শাসক
পুরুলিয়া